দৈনিক
ইনকিলাব

তারিখ 10 MAR 2012
পৃ ২ কলাম ৮

# শিক্ষার প্রসার ঘটাতে স্নাতক পর্যন্ত অবৈতনিক করার চিন্তা করছে সরকার

*–শিক্ষামন্ত্রী*

সিলেট অফিস : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দা-বন্দুক দিয়ে নেতা হওয়া যায় না। নেতা হতে হলে অস্ত্র পরিহার করে জ্ঞান অর্জন করতে হবে। তিনি বলেন, দেশের শিক্ষার প্রসার ঘটাতে আগামীতে স্নাতক শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালুর চিন্তাভাবনা করছে সরকার। গরীব শিক্ষার্থীদের জন্য কল্যাণ ট্রাস্টও গঠন করা হবে।

গতকাল বিয়ানীবাজার উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, ডিআইজি মকবুল হোসেন ভূঁইয়া, পুলিশ সুপার সাখাওয়াত হোসেন, বিয়ানীবাজার উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রুমা চক্রবর্তী, উপজেলা আওয়ামী লীগ সভাপতি আব্দুল হাসিব মনিরা, সহ-সভাপতি ময়নুল ইসলাম, সাধারণ সম্পাদক আতাউর রহমান খান প্রমুখ।

শিক্ষামন্ত্রী গতকাল বিয়ানীবাজার উপজেলার দেউলগ্রাম রাস্তার পাকাকরণ কাজ, কোনাগ্রাম-কিসমত রাস্তা পাকাকরণ কাজ, কসকট খাঁ রাস্তার পাকাকরণ কাজ, উপজেলা ভূমি অফিস, চারখাই ইউনিয়ন পরিষদ, রামখা সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাখাইল-খলাগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ উদ্বোধন করেন।